

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 23/12/2025

Desk inCharge :- SDG

Time: 7-50 P.M

Compiling :- NBR

DEO: KB

NRT : NBR

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবর -

- ১/ মুর্শিদাবাদের সামশেরগঞ্জে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনের জেরে নিহত বাবা ও ছেলে খুনের ঘটনায় দোষী সাব্যস্ত ১৩ জনকেই যাবজ্জীবন কারাদন্ডের নির্দেশ জঙ্গীপুর মহকুমা আদালতের।
- ২/ নদীয়ার হাঁসখালিতে নাবালিকার গণধর্ষণ এবং জোর করে দাহ করার ঘটনায় দোষী সাব্যস্ত ব্রজ গয়ালী ও তার দুই বন্ধুর আমৃত্যু কারাদন্ড।
- ৩/ বাংলাদেশে দীপু দাসকে হত্যার ঘটনায় কলকাতায় সেদেশের ডেপুটি হাই কমিশনের দপ্তরের সামনে বিভিন্ন সংগঠনের পক্ষে বিক্ষোভ।
- ৪/ 'জাতীয় কৃষক দিবসে' আজ রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
- ৫/ শান্তিনিকেতনে শুরু হয়েছে ঐতিহ্যবাহী পৌষ উৎসব। # বিষ্ণুপুরেও আজ থেকে শুরু ৩৮-তম বিষ্ণুপুর মেলা।

মুর্শিদাবাদের সামশেরগঞ্জে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনের সময় হিংসার জেরে নিহত বাবা ও ছেলে হরগোবিন্দ দাস ও চন্দন দাসের খুনের ঘটনায় দোষী সাব্যস্ত ১৩ জনকেই যাবজ্জীবন কারাদন্ডের নির্দেশ দিয়েছে জঙ্গীপুর মহকুমা আদালত। একইসঙ্গে আক্রান্তের পরিবারকে ১৫ লক্ষ টাকার ক্ষতিপূরণ দেওয়ার জন্য রাজ্যকে নির্দেশ দিয়েছেন জঙ্গীপুর মহকুমা আদালতের বিচারক অমিতাভ মুখোপাধ্যায়। এর পাশাপাশি প্রত্যেককে ১০ হাজার টাকা করে জরিমানা দিতে হবে। অনাদায়ে আরো তিন মাস কারাবাসের নির্দেশ দেওয়া হয়েছে।

সরকারি আইনজীবী বিভাগ চট্টপাধ্যায় এই রায়ের বিষয়ে আমাদের জেলা প্রতিনিধি মামুন ফারুককে বিস্তারিত জানিয়েছেন।

(বাইট- বিভাগ)

উল্লেখ্য, চলতি বছর ৯ই এপ্রিল থেকে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে উত্তাল হয়ে ওঠে জঙ্গীপুর, সুতি ও সামশেরগঞ্জের বিভিন্ন এলাকা। ভাঙচুর, লুণ্ঠপাট, অগ্নিসংযোগের পাশাপাশি গুলি চলার ঘটনাও ঘটে। পুড়িয়ে দেওয়া হয় পুলিশের গাড়ি। ১২ই এপ্রিল সামশেরগঞ্জের জাফরাবাদে বাড়ি থেকে টেনে এনে কুপিয়ে খুন করা হয় হরগোবিন্দ দাস ও তার ছেলে চন্দনকে। ঘটনার পর থেকেই দোষীরা নিখোঁজ ছিল। এই ১৩ জনই নিহতদের বাড়ির কাছের দুটি গ্রামের বাসিন্দা। পরে বিভিন্ন জায়গা থেকে তাদের গ্রেপ্তার করা হয়।

এদিকে, আজকের এই রায়ে অসন্তোষ ব্যক্ত করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, পুলিশী ব্যর্থতার জন্যই এই মামলায় সর্বোচ্চ সাজা হয়নি। পরিবারের দাবী মতো ফাঁসীর আবেদন নিয়ে উচ্চ আদালতে যাওয়া হবে বলেও তিনি জানিয়েছেন।

(বাইট- শুভেন্দু / মুর্শিদাবাদ)

নদীয়ার হাঁসখালিতে নাবালিকার গণধর্ষণ এবং জোর করে মৃতদেহ শ্মশানে দাহ করার ঘটনায় দোষী সাব্যস্ত সোহেল ওরফে ব্রজ গয়ালীর আমৃত্যু কারাদন্ড হয়েছে। একইসঙ্গে ওই ঘটনায় জড়িত ব্রজর দুই বন্ধু প্রভাকর পোদ্দার এবং রঞ্জিত মল্লিককেও আমৃত্যু কারাদন্ডের নির্দেশ দিয়েছে রানাঘাট মহকুমা আদালত। অন্য তিন অপরাধী ব্রজর বাবা, তৃণমূল কংগ্রেসের তৎকালীন পঞ্চায়েত সদস্য সমরেন্দ্র গয়ালী, দীপ্ত গয়ালী এবং পীযুষ ভক্তের ৫ বছরের কারাবাসের নির্দেশ দিয়েছেন বিচারক। এই মামলায় আদালত, সুরজিত রায় এবং আকাশ বাউড়ে-কে পঞ্চাশ হাজার টাকার বন্ডে জামিন মঞ্জুর করেছে। ঘটনার সময় এই দুজন নাবালক থাকায়, তাদের একবছর পুলিশী নজরদারিতে রাখা হবে। এই সময়কালে তাদের মধ্যে বিরূপ আচরণ দেখা দিলে নির্দেশ বাতিল হয়ে যাবে বলেও জানিয়েছে আদালত। অন্যদিকে অংশুমান নামে আরেক দোষীর তিন বছরের কারাদন্ড হয়েছে। গতকাল এই ৯ জনকে দোষী সাব্যস্ত করে আদালত।

উল্লেখ্য, ২০২২ সালের এপ্রিলে স্থানীয় তৃণমূল পঞ্চায়েত সদস্যের ছেলে সোহেলের জন্মদিনের পার্টিতে ঐ নাবালিকাকে গণধর্ষণ করা হয়। অতিরিক্ত রক্তক্ষরণের জেরে সে গুরুতর অসুস্থ হয়ে পড়লে হাসপাতালে নিয়ে যেতেও বাধা দেওয়া হয়। ডেথ সার্টিফিকেট ছাড়াই জোর করে শ্মশানে দেহ পুড়িয়ে দেওয়া হয়।

বাংলাদেশে বঙ্গ কারখানার শ্রমিক দীপু দাসকে পিটিয়ে খুনের ঘটনায় কলকাতায় সেদেশের ডেপুটি হাই কমিশনের সামনে হিন্দুত্ববাদী সংগঠনের বিক্ষোভকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। একাধিক সংগঠনের ডাকে এই মিছিল বাংলাদেশ ডেপুটি হাইকমিশনের উদ্দেশ্যে এগোতে গেলে বেকবাগানে পুলিশ তাঁদের পথ আটকায়। বিক্ষোভকারীরা ব্যারিকেড ভেঙে এগোনোর চেষ্টা করলে পুলিশের সঙ্গে তাঁদের ধস্তাধস্তি বাধে। এরপরই রণক্ষেত্রের চেহারা নেয় গোটা এলাকা। ভিড় ছত্রভঙ্গ করতে পুলিশকে লাঠিচার্জ করতে হয়। কয়েকজন বিক্ষোভকারী আহত হন বলে জানা গেছে। কয়েকজন বিক্ষোভকারীকে জোর করে পুলিশ প্রিজন ভ্যানে তুলে নিয়ে যায় বলে অভিযোগ। পুলিশের তরফে এই জমায়েতকে বেআইনি ঘোষণা করে বারংবার

ব্যারিকেড থেকে সরে যাওয়ার অনুরোধ জানানো হলেও, বাংলাদেশের উপদূতাবাসে স্মারকলিপি জমা দেওয়ার দাবিতে অনড় থাকেন বিক্ষোভকারীরা।

এদিকে, এই বিক্ষোভের জেরে পার্ক সার্কাসের একাংশে যানজট তৈরী হয়।

বিজেপি, হিন্দুত্ববাদী সংগঠনের উপর পুলিশের আক্রমণের তীব্র নিন্দা করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, পুলিশের যে বীভৎসতা আজ দেখা গেছে এবং যেভাবে বিনা প্ররোচনায় আন্দোলনকারীদের ওপর আক্রমণ চালিয়েছে তাতে স্পষ্ট বোঝা গেছে মুখ্যমন্ত্রী হিন্দুদের প্রতিবাদে আতঙ্কিত। শ্রী অধিকারী বলেন, বাংলাদেশে নিহত হিন্দু যুবক অন্য ধর্মের কারো আস্থা ও বিশ্বাসে আঘাত দিয়ে কোন মন্তব্য করেছেন, এমন কোন প্রমাণ পাওয়া যায়নি। তাসত্ত্বেও সে দেশের সরকার এবং পুলিশ প্রশাসন থানা থেকে তাকে বের করে ক্ষুব্ধ মৌলবাদীদের হাতে তুলে দিয়েছে। এই ঘটনা পৃথিবীতে বিরলতম। বাংলাদেশের ঘটনার প্রতিবাদে আগামীকাল হিন্দুত্ববাদী সংগঠনগুলি রাজ্যের বাংলাদেশ সীমান্ত এলাকাগুলিতে প্রতিকী অবরোধ করবে। এরপর ২৬তারিখ তিনি আবারও বাংলাদেশ ডেপুটি হাইকমিশন অভিযান করবেন এবং ডেপুটি হাইকমিশনারের সঙ্গে দেখা করার জন্য ইতিমধ্যেই তাকে চিঠি দিয়েছেন বলে শ্রী অধিকারী জানিয়েছেন। পুলিশী অত্যাচারে আজ জনা দশেক প্রতিবাদী আহত হওয়ায়, তাঁদের হাসপাতালে চিকিৎসা চলছে। শুভেন্দু অধিকারী পরে হাসপাতালে গিয়ে তাঁদের সঙ্গে দেখা করেন। পুলিশ আজকের ঘটনায় তিনজনকে আটক করেছে।

বাংলাদেশে সাম্প্রতিক পরিস্থিতির প্রতিবাদে বামপন্থী দলগুলি আজ এন্টালি মার্কেট থেকে বাংলাদেশ উপদূতাবাসের অফিস বেকবাগান পর্যন্ত মিছিল করে। মিছিলে যোগ দিয়ে CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, ওই দেশে কোনো নির্বাচিত সরকার নেই।

(বাইট- মহম্মদ সেলিম)

অন্যদিকে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন, বাংলাদেশ এক ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এরকম পরিস্থিতিতে কেন্দ্রের পদক্ষেপ করা প্রয়োজন বলে মন্তব্য করেন অধীরবাবু।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশব্দ নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

‘জাতীয় কৃষক দিবসে’ আজ রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং-এর জন্মবার্ষিকী উপলক্ষে এই দিনটি দেশের অগ্রগতি ও উন্নয়নে কৃষকদের অবদানকে সম্মান জানানোর জন্য পালন করা হয়।

নদীয়ার কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে আজ এক বিশেষ অনুষ্ঠানে ১৩৩ জন কৃষক অংশ নেন। বর্তমান সময়ে চাহিদাভিত্তিক কৃষি প্রযুক্তি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ICAR সদর দপ্তর থেকে কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহান, প্রতিমন্ত্রী, ICAR-এর মহা নির্দেশক সহ অন্য বিশিষ্ট ব্যক্তির, কৃষকদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন সংসদে সদ্য পাশ হওয়া ‘বিকশিত ভারত জি রাম জি’আইন নিয়েও আলোচনা হয়েছে।

দক্ষিণ ২৪ পরগণার নীমপীঠ কৃষি বিজ্ঞান কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে সুন্দরবন এলাকার কৃষকদের বর্তমান পরিস্থিতি ও সমস্যার দিকটি, বিশেষভাবে তুলে ধরা হয়। অতিবৃষ্টি ও নোনা জলের মতো প্রতিকূল পরিবেশে কিভাবে প্রাকৃতিক কৃষি পদ্ধতি এগিয়ে নিয়ে যাওয়া যায়, তা' নিয়ে আলোচনা হয়েছে।

জলপাইগুড়ি রামসাই কৃষি বিজ্ঞান কেন্দ্রের অনুষ্ঠানেও বহু কৃষক যোগ দিয়েছিলেন।

‘বিকশিত ভারত জি রাম জি’ আইন, কতটা সহায়ক হবে, তা' নিয়ে জলপাইগুড়ি চা বাগানের এক মহিলা কর্মী, নিজের বক্তব্য জানিয়েছেন।

(বাইট- চা বাগান কর্মী লক্ষ্মী মুর্মু)

বুধবারের আজকের প্রসঙ্গে শুনবেন বিশেষ আলোচনা প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি প্রকল্প। উত্তর চব্বিশ পরগণা কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিষয়বস্তু বিশেষজ্ঞ ড. চিন্ময় মাজির সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আকাশবাণী সংবাদ প্রযোজিত এই অনুষ্ঠানটি রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও DTH বাংলায় শোনা যাবে। এই অনুষ্ঠান আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও শোনা যাবে।

কলকাতা প্রেস ক্লাবে আজ সপ্তাহব্যাপী গ্রাম কৃষ্টি উৎসবের সূচনা হয়েছে। রাজ্য সরকারের সহযোগিতায় বিভিন্ন জেলা থেকে লোক আঙ্গীকের হরেক পসরা নিয়ে এখানে অংশ নিয়েছেন কুটির ও কারুশিল্পীরা। বিকেলে মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাহিত্যিক সাংবাদিক শংকরলাল ভট্টাচার্য, ডঃ পার্থ চট্টোপাধ্যায়, কলকাতা প্রেসক্লাবের সভাপতি স্নেহাশীস সুর, সম্পাদক কিংশুক প্রামাণিক প্রমুখ। মেলায় রয়েছে বাঁকুড়ার ম্যাচা সন্দেশ, জয়নগরের মোয়া, সুন্দরবনের মধু এবং পটচিত্র ও নানা রকমের মুখোশ। প্রতিদিন সন্ধ্যায় থাকবে, ভাটিয়ালি, ভাওয়াইয়া গান,

পুতুল নাচ খনপালা, কবিগান, চড্ডী নৃত্য, নাটুয়া ও ঝুমুর গানের আয়োজন। মেলা চলবে এ মাসের ২৯ তারিখ পর্যন্ত।

শান্তিনিকেতনে ঐতিহ্যবাহী পৌষ উৎসবের সূচনা হয়েছে। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের দীক্ষা দিবস উপলক্ষ্যে দিনটি উদযাপিত হয়। চিরাচরিতভাবেই আজ ভোর সাড়ে দোড়ায় গৌরপ্রাঙ্গণে 'বৈতালিক' এবং তারপর ছাতিমতলায় উপাসনার মাধ্যমে স্মরণ অনুষ্ঠান আয়োজিত হয়েছে। উভয় অনুষ্ঠানেই উপস্থিত ছিলেন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. প্রবীর কুমার ঘোষ। অন্যান্য বারের এবারও 'পৌষমেলা' পূর্বপল্লীর মাঠেই আয়োজিত হচ্ছে। মেলা চলবে আগামী ২৮শে ডিসেম্বর পর্যন্ত। অন্যান্য সাংস্কৃতিক অনুষ্ঠানের সঙ্গেই এবার বিশ্বভারতীয় রবীন্দ্রভবনের উদ্যোগে এক অনন্য প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। 'বিশ্বের বিশ্বকবি' শীর্ষক ঐ প্রদর্শনীতে রবীন্দ্রনাথ ঠাকুর যে ৩১ টিরও বেশি দেশে ভ্রমণ করেছিলেন, সেই সফরের ৬০ টিরও বেশি ছবি স্থান পাচ্ছে। এরমধ্যে বহু ছবি আজ পর্যন্ত অপ্রকাশিত ছিল।

বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে আজ থেকে শুরু হয়েছে, ৩৮-তম বিষ্ণুপুর মেলা। রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় জেলা প্রশাসন আয়োজিত এই মেলা চলবে ২৯শে ডিসেম্বর পর্যন্ত। বর্ণাঢ্য শোভাযাত্রার পর মেলার উদ্বোধন করেন রাজ্যের মন্ত্রী মলয় ঘটক এবং জ্যোৎস্না মান্ডি। মেলার এবারের থিম আদিবাসী সংস্কৃতি। প্রবেশ পথের মূল গেটেও রয়েছে আদিবাসী সংস্কৃতির ছোঁয়া। মেলা প্রাঙ্গণ এবং আশেপাশের রাস্তাগুলি সাজিয়ে তোলা হয়েছে রঙিন আলপনায়। মেলাতে থাকছে হস্ত শিল্প, কারুশিল্প প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান। পরিবেশিত হবে বিষ্ণুপুর ঘরানার শাস্ত্রীয় সংগীত। এবারের মেলায় ৮০০টিরও বেশি স্টল থাকছে বলে জানিয়েছে জেলা প্রশাসন।
